

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
কবিরহাট, নোয়াখালী।
kabirhat@dyd.gov.bd

স্মারক নং ৩৪.০১.৭৫৪৭.০০০.১৪.০০১.২০২৪ - ১১১

তারিখঃ ২২/০১/২০২৪খ্রিঃ

বিজ্ঞপ্তি

যুব উন্নয়ন অধিদপ্তরধীন 'টেকনোলজি এমপাওয়ারমেন্ট সেন্টার অন হইলস ফর আন্ডারপ্রিভিলেজড রুরাল ইয়ং পিপল অব বাংলাদেশ (টেকাব ২য় পর্যায়)' শীর্ষক প্রকল্পের আওতায় ভ্রাম্যমাণ কম্পিউটার ভ্যানে মার্চ - এপ্রিল/২০২৪ দুইমাস মেয়াদী কম্পিউটার এন্ড নেটওয়ার্কিং বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচী।


কবিরহাট উপজেলায় ভ্রাম্যমাণ কম্পিউটার ভ্যানে (আই সি টি মিনি বাস) কম্পিউটার এন্ড নেটওয়ার্কিং বিষয়ক প্রশিক্ষণ প্রদানের জন্য যুব/যুব মহিলাদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

আবেদন সংক্রান্ত তথ্যাদি ০৪

- ১। প্রশিক্ষার্থীর বয়স ১৮- ৩৫ বছর হতে হবে।
- ২। শিক্ষাগত যোগ্যতা ক) যুব - এইচ এস সি/সমমান খ) যুব মহিলা - এস এস সি/সমমান পাস হতে হবে।
- ৩। পাসপোর্ট সাইজের ছবি ২ কপি, জাতীয় পরিচয় পত্র/জন্ম সনদ পত্র ও শিক্ষা সনদের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
- ৪। প্রশিক্ষণের মেয়াদ ০১ মার্চ - ৩০ এপ্রিল/২০২৪ দুই মাস (৪৪ কর্মদিবস)।
- ৫। প্রশিক্ষার্থীর সংখ্যা যুব ২০ জন ও যুব মহিলা ২০ জন মোট ৪০ জন। ১ম শিফট সকাল ৯.০০টা থেকে ১.০০টা এবং ২য় শিফট বেলা ১.৩০ থেকে বিকাল ৫.৩০ পর্যন্ত।
- ৬। অংশগ্রহণকারীদের প্রতি কর্মদিবসে ২০০/-টাকা হারে প্রশিক্ষণ ভাতা/যাতায়াত ভাতা প্রদান করা হবে।
- ৭। নির্ধারিত আবেদন ফরম উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় হতে আগামী ০১/০২/২০২৪- ১৫/০২/২০২৪খ্রিঃ তারিখ পর্যন্ত সংগ্রহ করা যাবে। আবেদন পত্র জমার শেষ তারিখ ১৫/০২/২০২৪খ্রিঃ।
- ৮। আগামী ১৯/০২/২০২৪খ্রিঃ তারিখ সোমবার সকাল ১০.০০টায় নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে সাক্ষাৎকার গ্রহণ করা হবে।

প্রশিক্ষণের শর্তাবলী ০৪

- ১। প্রত্যেক প্রশিক্ষার্থীকে যথাসময়ে প্রশিক্ষণ কেন্দ্রে উপস্থিত থাকতে হবে।
- ২। প্রত্যেক প্রশিক্ষার্থীকে প্রশিক্ষণের নিয়ম শৃঙ্খলা মেনে চলতে হবে।
- ৩। ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।


(জাহিদ হোসেন) ২০২৪

উপজেলা যুব উন্নয়ন অফিসার
কবিরহাট, নোয়াখালী।

অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কবিরহাট, নোয়াখালী।
- ০২। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, নোয়াখালী।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, কবিরহাট, নোয়াখালী।
- ০৪। মেয়র, কবিরহাট পৌরসভা, নোয়াখালী।
- ০৫। চেয়ারম্যান,.....ইউনিয়ন পরিষদ, কবিরহাট, নোয়াখালী।
- ০৬। সভাপতি/সম্পাদক,.....(যুব সংগঠন), কবিরহাট, নোয়াখালী।
- ০৫। অফিস নথি।